দৈনিক ইত্তেফাক

তারিখ APR. 1. 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

78

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## ক্যাম্পাসে ছাত্র-ছাত্রী প্রহৃত ॥ শিবির কর্মী আটক

চট্টগ্রাম ভার্সিটি রিপোর্টার ॥ গত শুক্রবার সন্ধ্যায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের আলাওল হল সংলগ্ন রাস্তায় রিক্সারোহী একজন ছাত্র ও ছাত্রীকে কতিপয় যুবক রড দিয়া মারধর করে। পুলিশ উক্ত ঘটনার সহিত জড়িত থাকার অভিযোগে আবদুস সালাম নামে ছাত্র শিবিরের এক কর্মীকে রাতে আলাওল হল হইতে আটক করে। ছাত্রলীগ নেতা ইমতিয়াজ আউয়াল অপু ও ২য়

(৯ম পৃঃ দ্রঃ)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(৩য় পৃঃ পর)

বর্ষের ছাত্রী হাসি উত্তর ক্যাম্পাস এলাকা হইতে রিক্সাযোগে আলাওল সংলগ্ন রাস্তা দিয়া সন্ধ্যা সাড়ে ৬ টায় আসার সময় রাস্তার দুই পাশে দাঁড়ানো ৪ জন যুবক রিক্সার গতিরোধ করিয়া অতর্কিতে রড দিয়া হামলা চালায়। ইহাতে ইমতিয়াজ মারাত্মকভাবে আহত হয়। ইমতিয়াজকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হইয়াছে। উক্ত ঘটনার প্রতিবাদে রাতে ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোহাম্মদ শাহজাহানের সভাপতিত্বে ক্যাম্পাসে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।